মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি
পারনান্দুয়ালী, মাগুরা

টেলিফোনঃ - ০২-৪৭৭৭১০৬৫৮
- ০২-৪৭৭৭১০৭৪৪
ই-মেইল - magurapbs_gm@yahoo.com

স্মারক নং-২৭.১২.৫৫৫৭.৫৫১.০২.০০৮.২২. ২৪৭১৪

তারিখ ১৯আষাঢ়'১৪২৯বাং
০৩/০৭/২০২২ইং

# " নিয়োগ বিজ্ঞপ্তি"

মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নোক্ত পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগের নিমিত্ত আগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফর্মে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | প্রার্থীর বয়স ( বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে ) | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত) | ০২ (দুই)টি কম/ বেশী হতে পারে। | ১৮ বছর হতে সর্বোচ্চ ৩০ বছর (মুক্তিযোদ্ধার সন্তানের জন্য ৩২বছর পর্যন্ত শিথিল যোগ্য) | ১৮৩০০.০০ হতে ৪৬২৪০.০০ টাকাসহ নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রদেয়। | এইচ, এস,সি পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ/সিজিপিএ সমমান থাকতে হবে। তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য নয়। প্রার্থীকে কম্পিউটারে বাংলা ও ইংরেজী প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ৩০টি শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে। প্রার্থীকে কম্পিউটারের উপর পর্যাপ্ত জ্ঞান এবং কম্পিউটার অপারেটিং সিস্টেম পরিচালনায় দক্ষ হতে হবে। প্রার্থীকে শুদ্ধ বাংলা, ইংরেজী ও ব্যাকরণসহ বানান, বিরাম চিহ্ন এবং বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান সম্পন্ন হতে হবে। সুন্দর ও সু-শৃঙ্খলভাবে কাজ করার সামর্থ থাকতে হবে। নথি যোগাযোগ, তথ্য ও ফাইল ভান্ডার সংরক্ষণের সঠিক পদ্ধতি সম্পর্কে জ্ঞান থাকতে হবে। ওয়ার্ড প্রসেসিং, প্রিন্টিং এবং কম্পিউটারের মৌলিক জ্ঞান সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | বাগেরহাট, বান্দরবন, বরগুনা, চুয়াডাঙ্গা, ফরিদপুর, গোপালগঞ্জ, যশোর, ঝালকাঠি, ঝিনাইদহ, জয়পুরহাট, খাগড়াছড়ি, খুলনা, কুষ্টিয়া, মাগুরা, মেহেরপুর, নড়াইল, পঞ্চগড়, পটুয়াখালী, রাজবাড়ী, রাঙ্গামাটি, সাতক্ষীরা, শরিয়তপুর ও শেরপুর । |
| ০২ | সহকারী ক্যাশিয়ার (মহিলাদের জন্য অগ্রাধিকার) | ০৩ (তিন)টি কম/বেশী হতে পারে। | | ১৮৩০০.০০ হতে ৪৬২৪০.০০ টাকাসহ নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রদেয়। | এস.এস.সি এবং এইচ, এস,সি পরীক্ষায় সিজিপিএ ৫ এর মধ্যে ৩.০০ অথবা সমমান থাকতে হবে। পাটিগণিতে দক্ষতাসহ অফিস মেশিন এবং কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। প্রার্থীকে কম্পিউটারে বাংলা ও ইংরেজী প্রতি মিনিটে যথাক্রমে ১০ ও ৩০টি শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে। | |
| ০৩ | ড্রাইভার (পুরুষ) | ০১ (এক)টি কম/ বেশী হতে পারে। | সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৪৫ বছর | ১৬৬০০.০০ হতে ৪১৯৫০.০০ এবং নিয়ম অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | সাবলীলভাবে বাংলা পড়তে ও লিখতে জানতে হবে। গাড়ী চালনার ক্ষেত্রে বিভিন্ন নির্দেশনা, সংকেত প্রতিপালন এবং লগ বই পূরণে সক্ষমতা থাকতে হবে। BRTA কর্তৃক প্রদত্ত হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স (হালকা) থাকতে হবে। যে কোন সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/ বৃহৎ শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে ০৫ বছরের গাড়ী চালানো ও রক্ষণাবেক্ষণ কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (অভিজ্ঞতা ড্রাইভিং লাইসেন্স ইস্যুর তারিখ হতে গণ্য হবে)। প্রার্থীকে অবশ্যই স্বাস্থ্যবান, সৎ, বিশ্বস্থ, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। সর্বশেষ ০৩ বছরের চাকুরীকালে বড় ধরণের দূর্ঘটনার কোন রেকর্ড নাই মর্মে অভিজ্ঞতা সনদ প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। | |

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি
পারনান্দুয়ালী, মাগুরা

টেলিফোনঃ - ০২-৪৭৭৭১০৬৫৮
- ০২-৪৭৭৭১০৭৪৪
ই-মেইল - magurapbs_gm@yahoo.com

শর্তাবলীঃ-

০১ মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট (www.pbs.magura.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২.ভার্সন-০১) ডাউন লোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ২১/০৭/২০২২খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার,মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি, পারনান্দুয়ালী,মাগুরা বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্রে এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২ প্রার্থী কর্তৃক আবেদন পত্রের সাথে জেনারেল ম্যানেজার, মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসীল ব্যাংক হতে ১০০/= (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট অথবা ক্রসড পোস্টাল অর্ডার সংযুক্ত করতে হবে এবং ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন সত্যায়িত ছবি(০১কপি ছবি আবেদন ফর্মের নির্ধারিত স্থানে ও ০১কপি ছবি প্রবেশ পত্রের নির্ধারিত স্থানে আইকা/আঠা দিয়ে লাগাতে হবে এবং ০১কপি ছবি স্টাপলার পিন দিয়ে আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে) সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি, অভিজ্ঞতার সনদের সত্যায়িত ফটোকপি, স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের নিকট থেকে নাগরিকত্বের সনদপত্রের সত্যায়িত ফটোকপি,জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি ( নাম ও পদবী সম্বলিত সীলসহ ১ম শ্রেনীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৩ মুক্তিযোদ্ধা কোটায় আবেদনের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার যথাযথ প্রমানক দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান হলে তার প্রমানক দাখিল করতে হবে। বয়সের প্রমাণক হিসেবে এস.এস.সি সনদ বিবেচিত হবে।

০৪ সহকারী ক্যাশিয়ার পদে আবেদনকারী প্রার্থীকে উত্তম পারিবারিক ঐতিহ্য ও নূন্যতম আর্থিক স্বচ্ছলতা অধিকারী হতে হবে। নিয়োগ প্রদানের পূর্বে পবিস কর্তৃক পারিবারিক স্বচ্ছলতা সরেজমিনে পরিদর্শন পূর্বক যাচাই করা হবে।

০৫ সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৬ প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্ল চিত্তে জনসাধারনের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। নির্বাচিত প্রার্থীদের প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। অন-প্রবেশনকালে অর্পিত দায়িত্ব ও কর্তব্য সমূহ যথাযথভাবে সম্পাদন, বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষনে উত্তীর্ণ, বার্ষিক কর্মমূল্যায়ণ ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৭, ৩০০-২৪ ও ৩০০-৫১) শর্ত সাপেক্ষে অত্র সমিতির নিজস্ব বেতন কাঠামো অনুযায়ী নির্ধারিত বেতন পরিধিতে একই পদে চাকুরীতে নিয়মিতকরণ করা যেতে পারে।

০৭ অত্র পবিসের এলাকা পরিচালক / মহিলা পরিচালক ও পবিসের কর্মকর্তা / কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী / স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না। এছাড়া অত্র পবিসের ভৌগলিক এলাকার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৮ প্রতারনা মূলকভাবে স্থায়ী ঠিকানা ভূল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্ত করনসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯ খামের উপরে পদের নাম ও নিজ জেলা সুস্পষ্টভাবে লিখতে হবে।

১০ বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ /বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সেই জেলার প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে না।

১১ কোন প্রার্থী ইতোপূর্বে পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত হয়ে থাকলে অথবা যদি তিনি দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হয়ে থাকেন তবে তাদের আবেদন করার প্রয়োজন নেই।

১২ সহকারী ক্যাশিয়ার পদে নিয়োগের ক্ষেত্রে নির্বাচিত প্রার্থীকে সমিতির অনুকূলে ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা ক্যাশ সিকিউরিটি জমা দিতে হবে। যা সন্তোষজনক ভাবে চাকুরী সমাপ্তির পর সুদসহ ফেরত প্রদান করা হবে।

১৩ লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহনের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদ পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৪ চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/পবিসের রিটেইনার চিকিৎসকের নিকট হতে সুস্থতার স্বাস্থ্যগত সার্টিফিকেট (ড্রাইভার পদের প্রার্থীর ক্ষেত্রে Dope Test Report সহ) দাখিল করতে হবে।

১৫ অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

৩/৭/২২

( স্বদেশ কুমার ঘোষ )
জেনারেল ম্যানেজার

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি
পারনান্দুয়ালী, মাগুরা

টেলিফোনঃ - ০২-৪৭৭৭১০৬৫৮
- ০২-৪৭৭৭১০৭৪৪
ই-মেইল - magurapbs_gm@yahoo.com

মুজিব MUJIB 100

**অনুলিপিঃ**- (সদয় অবগতির জন্য অনুরোধসহ প্রেরিত)

০১॥ নির্বাহী পরিচালক,বাপবিবো,ঢাকা।
০২॥ পরিচালক,পবিস মানব সম্পদ ব্যবস্থাপনা /পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন(পঃঅঃ)পরিদপ্তর,বাপবিবো, ঢাকা
০৩॥ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি এর দপ্তর), বাপবিবো, ঢাকা।
০৪॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার............................পবিস-১/২/৩/৪ (নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)
০৫॥ একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো,ঢাকা।
০৬॥ ডিজিএম(সদর দপ্তর-কারিগরী)/আড়পাড়া/মহম্মদপুর/শ্রীপুর জোনাল অফিস, মাগুরা পবিস।
০৭॥ এজিএম অর্থ/সঃসেঃ/প্রশাসন/ওএন্ডএম(সদর, আড়পাড়া,মহম্মদপুর,শ্রীপুর) মাগুরা পবিস।
০৮॥ এজিএম(আইটি), মাগুরা পবিস (অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)
১০॥ নোটিশ বোর্ড, মাগুরা পবিস।
১১॥ অফিস/মাস্টার কপি।

( স্বদেশ কুমার ঘোষ )
জেনারেল ম্যানেজার

পমাসপ ১১০-০০২
ভার্সন-০১
অনুমোদিত ঃ ২৭/০৪/২০১৪খ্রিঃ

মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি তাং................ পারনান্দুয়ালী, মাগুরা

ফরমনং ঃ পমাসপ ১১০-০০২, ভার্সন-০১, তারিখ-----------------------

# মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতির ডাটা এন্ট্রি অপারেটর/সহকারী ক্যাশিয়ার/ড্রাইভার পদে প্যানেলভূক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম

(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে

জেনারেল ম্যানেজার
মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি
পারনান্দুয়ালী, মাগুরা

০১. নিয়োগ বিজ্ঞপ্তি নং ..............................

০২. আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে) ..............................

০৩. পদের ধরণঃ..............................

০৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম ..............................

০৫. প্রকাশনার তারিখ ..............................

০৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) .............................. (বড় হাতের অক্ষরে ইংরেজীতে) ..............................

০৭. জন্ম তারিখ (এসএসসি পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী) ............/.........../.........(দিন/মাস/বছর)

০৮. মাতার নাম ..............................

০৯. বয়স (---------------খ্রিঃ তারিখে)

১০. পিতার নাম ..............................

১১. ধর্ম ..............................

১২. জাতীয়তা ..............................

১৩. নিজ জেলা ..............................

১৪. টেলিফোন / মুঠো ফোন নম্বর ..............................

১৫. বৈবাহিক অবস্থা (টিক (√) দিন ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটার সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন ঃ

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানা ঃ

ক. গ্রাম/সড়ক/বাড়ী .............................. খ. ডাকঘর .............................. গ. উপজেলা/ থানা .............................. ঘ. জেলা ..............................

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশপত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

ক. গ্রাম/সড়ক/বাড়ী .............................. খ. ডাকঘর .............................. গ. উপজেলা/ থানা .............................. ঘ. জেলা ..............................

মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি
তাং..................
পারনান্দুয়ালী, মাগুরা

| ............................................................ | ............................................................ | .................... |
|---|---|---|
| ১৯. পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার নম্বর | ২০. পোস্টাল অর্ডার/ ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মূল্য | ২১. ইস্যুর তারিখ |

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ / বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট/ ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/ গ্রেড | |
| ------------শ্রেণী | | | | |
| এসএসসি/সমমান | | | | |
| এইচএসসি/সমমান | | | | |
| স্নাতক | | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে) ঃ

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/ পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/ মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ০১। |
| ০২। |

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে) ঃ

| কর্মরত পবিস এর নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষনে উত্তীর্ণ কি না (হাঁ/না) জবাব হাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি আমার স্বহস্তে লিপিবদ্ধ করা হয়েছে এবং আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্র কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হব এবং আমার বিরুদ্ধে বাপবিবো কর্তৃপক্ষ আইনানুগত ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকব। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় স্বাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ০২ (দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক সরবরাহ করতে এবং মূল সনদ সমুহ প্রদর্শন করতে বাধ্য থাকবো।

| ............................................ | ............................... |
|---|---|
| তারিখ | আবেদনকারীর স্বাক্ষর |

বিঃদ্রঃ সরকারী/ আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি
তাং..........
পারনান্দুয়ালী, মাগুরা

পমাসপ ১১০-০০২

মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি
পারনান্দুয়ালী, মাগুরা।

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে ষ্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে

লিখিত (এমসিকিউ / লিখিত (রচনামূলক) / মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

# প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর ঃ ..........................................................................

পরীক্ষার তারিখ ঃ ..........................................................................

পরীক্ষার সময় ঃ ..........................................................................

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ ..........................................................................

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা ঃ ..........................................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর ঃ ..............................................

(প্রার্থী /আবেদনকারী কর্তৃক পূরণীয়)

**পদের নাম ঃ** ..........................................................................

প্রার্থীর নাম ঃ ..........................................................................

প্রার্থী যে ঠিকানায় প্রবেশ পত্র পেতে ইচ্ছুক ঃ..............................................

..........................................................................

..........................................................................

..........................................................................

..........................................................................

..........................................................................

# প্রার্থী / আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশাবলী

০১॥ পরীক্ষার দিন অবশ্যই প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশ পত্র ছাড়া পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।

০২॥ নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/ কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

০৩॥ উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪॥ পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বই পত্র লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

০৫॥ চাকুরীর আবেদন পত্রের সঙ্গে মিল রেখে হাজিরা তালিকা, উত্তর পত্র এবং অন্যান্য কাগজ পত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬॥ পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

০৭॥ উল্লেখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষে পরিদর্শক গোপনীয় ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজন বোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

---